Vertex RMG Division

(Vertex Wear Ltd., Dress World Ltd. & Neo Fashion Ltd.)

Vorari, Rajfulbaria, Savar, Dhaka. Tel : 7743260-65,7743312-16, Fax : 88-02-7743264

Ref: VRD/HR/Policy/101/02 (3) ৪র্থ সংস্করণের: ২৫/০১/২০১৯ Policy No-02

Code of Conduct of Vertex RMG Division

উদ্দেশ্যঃ

বাংলাদেশ শ্রম আইন ২০০৬ বিধি ২০১৫, আই. এল. ও কনভেনশন এবং জাতিসংঘের আন্তর্জাতিক মানবাধিকার সংক্রান্ত ঘোষনা, জাতিসংঘের শিশু অধিকার এবং নারীর প্রতি সকল ধরনের সহিংসতা, বৈষম্যরোধ কল্পে আন্তর্জাতিক আইন সমূহের নির্দেশনা অনুযায়ী ভারটেক্স আর এম জি ডিভিশন (ভারটেক্স ওয়্যার লিঃ, ড্রেস ওয়ার্ল্ড লিঃ এবং নিও ফ্যাশন লিঃ) এ উৎপাদন প্রক্রিয়া ও সহযোগী সংগঠন সমূহের বাস্তবায়নের লক্ষ্যে এই কোম্পানীর "আচরণ বিধি" প্রস্তত করা হয়েছে।

লক্ষ্যঃ

ভারটেক্স আর এম জি ডিভিশন (ভারটেক্স ওয়্যার লিঃ, ড্রেস ওয়ার্ল্ড লিঃ, নিও ফ্যাশন লিঃ) ব্যবসায়িক কার্যক্রম ও উৎপাদন প্রক্রিয়ায় অংশীদারসহ সকল সরবরাহকারী প্রতিষ্ঠানের দেশীয় শ্রম আইন, আন্তর্জাতিক মানবাধিকার আইন, শিশু অধিকার সনদ, নারীর প্রতি সহিংসতা রোধের জন্য প্রয়োজনীয় আচরণ বিধি নির্ধারণ করা।

প্রযোজ্যঃ

ভারটেক্স আর এম জি ডিভিশনের (ভারটেক্স ওয়্যার লিঃ, ড্রেস ওয়ার্ল্ড লিঃ, নিও ফ্যাশন লিঃ) সকল শ্রমিক কর্মকর্তা, কর্মচারী ও সরবরাহকারী প্রতিষ্ঠান সমূহ।

১। legal Compliance

ভারটেক্স আর এম জি ডিভিশন (ভারটেক্স ওয়্যার লিঃ, ড্রেস ওয়ার্ল্ড লিঃ, নিও ফ্যাশন লিঃ) দেশের প্রচলিত আইন ও শ্রম আইন- ২০০৬, বিধি ২০১৫, ILO ও UNO সনদ, Human Rights এবং এ সংক্রান্ত যে কোন আইন মেনে চলতে এবং বাস্তবায়নে বদ্ধপরিকর।

২। সাংগঠনিক স্বাধীনতা ও যৌথ দরকষাকষি (Freedom of Association & Collective Bargaining)ঃ

ভারটেক্স আর এম জি ডিভিশন (ভারটেক্স ওয়্যার লিঃ, ড্রেস ওয়ার্ল্ড লিঃ, নিও ফ্যাশন লিঃ) যে কোন ধরনের শ্রমিক সংগঠন, ট্রেড ইউনিয়ন ও যৌথ দর কষাকষি, সংগঠনে যোগদান, সংগঠন প্রতিষ্ঠা করার ক্ষেত্রে উৎসাহিত করে থাকে এবং এ লক্ষ্যে সকল শ্রমিক কর্মকর্তাকে যে কোন ধরনের সংগঠনে যোগদানে উৎসাহিত এবং কার্যকরী উদ্দোগ গ্রহণ করে থাকে। শ্রমিকগন যাতে এ ধরনের সংঘঠনে কোন প্রকার বাধা বিপত্তি ও ইন্ধন ছাড়া স্বাধীনভাবে কাজ করতে পারে সে ব্যাপারে যথাযথ পদক্ষেপ গ্রহণ করে থাকে। এ ধরনের সংগঠনে কাজ করার ক্ষেত্রে যে কোন ধরনের বৈষম্য, চাপ ও বাধামুক্ত ভাবে কাজ চালিয়ে যাওয়ার জন্য সকল সহযোগিতা করা হয়। কর্মীদের সুবিধা অসুবিধা পর্যবেক্ষনের জন্য একটি শ্রমিক অংশগ্রহণ কমিটি রয়েছে যার মাধ্যমে শ্রমিকগণ তাদের প্রয়োজন অনুযায়ী দরকষাকষি করতে পারে। যা শ্রমিক আইন- ২০০৬, বিধি-২০১৫, ধারা- ১৭৫-২০৮এবং ILO Convention ধারা ১১, ৮৭, ৯৮, ১৩৫এবং ১৫৪।

৩। বৈষম্যের নিষদ্ধকরণ (Prohibition of Discrimination)ঃ

ভারটেক্স আর এম জি ডিভিশন (ভারটেক্স ওয়্যার লিঃ, ড্রেস ওয়ার্ল্ড লিঃ, নিও ফ্যাশন লিঃ) যে কোন প্রকার নিয়োগ, বেতন-ভাতা, প্রশিক্ষণ, পদোন্নতি, চাকরীচ্যুত বা অবসরের ক্ষেত্রে বয়স, লিঙ্গ, ধর্ম, জাতি বর্ণ, জন্ম, সামাজিক অবস্থান, শারীরিক অক্ষমতা, নৃ-জাতি গোষ্ঠি, জাতীয়তা, বৈবাহিক অবস্থা, রাজনৈতিক মতবাদ ও গর্ভাবস্থা বা কোন বিশেষ গ্রুপের প্রতি বৈষম্য বা পক্ষপাতমূলক বা হয়রানীমূলক আচরণ করে না। মহিলাদের নিয়োগের সময় কোন প্রকার গর্ভধারন পরীক্ষা নেয়া হয় না। কোন ধরনের রাজনৈতিক সংশ্লিষ্ঠতা, ট্রেড ইউনিয়ন, পারিবারিক বা সামাজিক দায়িত্ব, বৈবাহিক অবস্থা বা যে কোন ধরনের শর্ত আরোপ করে কাউকে নিয়োগ বা সুযোগ সুবিধা হতে বঞ্চিত করা হয় না। যা বাংলাদেশ শ্রম আইন - ২০০৬, বিধি ২০১৫, ILO Convention- 100, 111, 143, 158, 159, 169, 183 |

৪। হয়রানী বা উৎপীড়ন নিষিদ্ধকরন (Prohibition of Harassment or Abuse)ঃ

ভারটেক্স আর এম জি ডিভিশন (ভারটেক্স ওয়্যার লিঃ, ড্রেস ওয়ার্ল্ড লিঃ, নিও ফ্যাশন লিঃ) কোন শ্রমিক বা কর্মচারীকে নিয়োগ ও কর্মের ক্ষেত্রে শারীরিক, মানসিক অত্যাচার, গালিগালাজ, কটুক্তি, ভয়-ভীতি প্রদর্শন, উগ্রতা, যৌনতা, মোখিক বা অঙ্গভঙ্গির মাধ্যমে কোন প্রকার হয়রানী করা হয় না।

৫। শিশু শ্রম নিষিদ্ধকরন নীতি (Prohibition of Child Labor)ঃ

ভারটেক্স আর এম জি ডিভিশন (ভারটেক্স ওয়্যার লিঃ, ড্রেস ওয়ার্ল্ড লিঃ, নিও ফ্যাশন লিঃ) কোন প্রকার শিশু শ্রমিক নিয়োগ দেয় না। বাংলাদেশ শ্রম আইন-২০০৬, শ্রম বিধি ২০১৫ ও ILO Convention ও জাতি সংঘের সনদ, দেশের প্রচলিত আইন অনুযায়ী শিশুদের নিয়োগ দেয় না বা যে কোন ধরনের শিশু শ্রমের অপব্যবহার প্রতিহত করে। যদি কোন কারনে অসাবধানতা বশতঃ কোন কিশোর শ্রমিক নিয়োগ প্রাপ্ত হয় সেক্ষেত্রে শ্রম আইনুযায়ী তাকে বাংলাদেশে প্রচলিত শ্রম আইন ও আন্তর্জাতিক ILO Convention অনুযায়ী যে কোন প্রকার সুযোগ সুবিধা যেমন: শিক্ষা, কর্মঘন্টা, স্কুলিং এবং কর্মঘন্টা নিশ্চিত করা হবে। তাকে কোন ভাবেই ০৬ ঘন্টা বা স্কুল চলাকালীন সময়ে কোন কাজ করতে দেয়া হবে না। ভারী এবং ঝুঁকিপূর্ণ কাজ করতে দেয়া হবে না।

৬। কর্মঘন্টা (Hours of Work)ঃ

ভারটেক্স আর এম জি ডিভিশন (ভারটেক্স ওয়্যার লিঃ, ড্রেস ওয়ার্ল্ড লিঃ, নিও ফ্যাশন লিঃ) বাংলাদেশে প্রচলিত শ্রম আইন, আন্তর্জাতিক শ্রম আইন ও কারখানার জন্য নির্ধারিত কর্মঘন্টা মেনে কাজ করে থাকে। সপ্তাহে সর্বোচ্চ ৪৮ ঘন্টা, সাধারন ১২ ঘন্টা ওভার টাইম করা হয়। সাপ্তাহিক ১ দিন ছুটি প্রদান করা হয়। ওভার টাইম অবশ্যই ঐচ্ছিক এবং যার প্রিমিয়াম পরিশোধ করা হয়। কোন বিশেষ পরিস্থিতিতে স্বল্প সময়ের জন্য যদি অতিরিক্ত কর্মঘন্টার প্রয়োজন হয় সেক্ষেত্রে শ্রমিক প্রতিনিধির সাথে আলোচনা করে শ্রম আইনের মধ্যে থেকে কর্মঘন্টা নির্ধারণ করা হয়। পর পর ০৬ কর্মদিবসের মধ্যে ০১ দিন ছুটি দেয়া হয়। তবে বিশেষ ক্ষেত্রে দেশের কোন জরুরী পরিস্থিতিতে, ঈদ বা জাতীয় উৎসবের বেলায় শ্রমিকগণ ইচ্ছা প্রকাশ করলে যৌথ দরকষাকষি প্রতিনিধি বা অংশগ্রহণকারী কমিটির সাথে আলোচনা সাপেক্ষে সাপ্তাহিক ছুটির দিনে কাজ করে পরে উক্ত ছুটি উৎসব ছুটির সাথে যোগ করে ভোগ করতে পারবে এবং এইরুপ ক্ষেত্রে সাপ্তাহিক ছুটির কাজের জন্য কোনো অধিকাল ভাতা প্রদেয় হবে না। যা বাংলাদেশ শ্রম আইন ২০০৬, শ্রম বিধিমালা ২০১৫, বাংলাদেশ গেজেট ২১/১০/২০১৮ইং, ILO Convention ১ এবং ১৪ এবং ILO Recommendation ১১৬।

৭। বাধ্যতামূলক শ্রম নীতি (Prohibition of Forced Labor)ঃ

ভারটেক্স আর এম জি ডিভিশন (ভারটেক্স ওয়্যার লিঃ, ড্রেস ওয়ার্ল্ড লিঃ, নিও ফ্যাশন লিঃ) বাংলাদেশে প্রচলিত শ্রম আইন, আন্তর্জাতিক শ্রম আইন, ILO Convention অনুযায়ী কোন ধরনের জেলের বন্দী বা কয়েদী মারফতে কারখানায় কাজ করানো যাবে না। নিয়োগের সময় শ্রমিক, কর্মচারীর নিকট হতে কোন ধরনের জামানত, অর্থ, ফি গ্রহণ অথবা ঋণ বা কর্জ প্রদান করে তা শ্রমের বিনিময়ে পরিশোধ করা যাবে না। নিয়োগের সময় আবেদনকারীকে কোন বেআইনী চুক্তিতে আবদ্ধ করা যাবে না। নিয়োগের সময় যে কাজের জন্য নিয়োগ দেয়া হয়েছে ঐ কাজ ব্যতিত অন্য কোন কাজে জোরপূর্বক নিয়োগ বা বাধ্য করা যাবে না। দূর্ঘটনা বশত কাউকে যদি জোর করে অন্য কাজে নিয়োজিত করে, ধরা পরার সাথে সাথে শ্রমিককে স্বীয় কাজে নিয়োজিত করা এবং কর্মচারী, কর্মকর্তাদের প্রশিক্ষণের ব্যবস্থা করা। প্রচলিত নিয়ম অনুযায়ী যে কোন শ্রমিক কর্মচারীকে অব্যহতি প্রদানে বাধা প্রদান করা যাবে না। শ্রমিকদের অবাধ চলাচল ও মৌখিক অধিকারের উপর বিধি নিষেধ আরোপ করা যাবে না। কর্মশেষে সকল শ্রমিক/কর্মচারী স্বাধীনভাবে কর্মক্ষেত্রে ত্যাগ করতে বাধা প্রদান করা যাবে না।

৮। অল্পবয়সী কর্মীদের জন্য বিশেষ নিরাপত্তা (Special Protection for Young Workers)ঃ

অল্প বয়সী কর্মীদের স্বাস্থ্য, নিরাপত্তা, নৈতিক মূল্যবোধ ও বিকাশে যাতে বাধা না পায় সেই অনুযায়ী কাজে নিয়োজিত করতে হবে। তাদের কার্যকর অভিযোগ পদ্ধতি এবং পেশাগগত স্বাস্থ্য ও নিরাপত্তা প্রশিক্ষণ প্রকল্প ও কর্মসূচীর সুযোগ দেয়ার ব্যবস্থা করতে হবে। তাদের পড়াশুনার সুযোগ করে দিতে হবে। কর্মসময় এমনভাবে নির্ধারণ করতে হবে যাতে তাদের পড়াশুনা বিঘ্নিত না হয়। কিশোর শ্রমিকদের ভারী এবং ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত করা যাবে না। তাদের কাজের সময় দৈনিক ৫ ঘন্টা এবং সপ্তাহে ৩০ ঘন্টার অধিক কাজ করানো যাবে না। ওভার টাইমসহ মাট কাজের সময় সপ্তাহে ৩৬ ঘন্টা করাতে পারবে। কোন কিশোর শ্রমিককে সন্ধ্যা ৭:০০ ঘটিকা হতে সকাল ৭:০০ ঘটিকার মধ্যে কোন কাজ করতে দেওয়া যাবে না। কোন কিশোর শ্রমিককে ভূগর্ভে বা পানির নীচে কোন কাজে নিয়োগ করা যাবে না।

৯। অনিশ্চিত চাকরী সম্পূর্ণভাবে নিষিদ্ধ (No Precarious Employment)ঃ

কারখানা সকল কর্মীর চাকরীর নিরাপত্তা নিশ্চয়তা প্রদান করবে। যথাযথ কারণ ব্যতিত কারখানা কখনই যখন তখন কর্মীকে চাকুরীচ্যুতি তে বিশ্বাস করে না। কাজে যোগদানের সময় নিয়োগ প্রত্র প্রদান করে সকল সুযোগ সুবিধা অবহিত করবে।

১০। বেতন ভাতা এবং ক্ষতিপূরণ (Compensation and Benefits)ঃ

ভারটেক্স আর এম জি ডিভিশন (ভারটেক্স ওয়্যার লিঃ, ড্রেস ওয়ার্ল্ড লিঃ, নিও ফ্যাশন লিঃ) ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে সকল প্রকার পাওনাদি যেমন- বেতন, ওভারটাইম, হাজিরা, বোনাস সহ অন্যান্য পাওনাদি পরিশোধ করে থাকে। ভারটেক্স আর এম জি ডিভিশন শ্রম আইন অনুযায়ী সমস্ত শ্রমিককে নূন্যতম মজুরী নিশ্চিত করে থাকে এবং তার পাওনা হতে কোন প্রকার অর্থদন্ড বা আইন বহির্ভূত কোন কর্তন করা হয় না। ভারটেক্স আর এম জি ডিভিশন নিশ্চিত করে যে সমস্ত শ্রমিককে তার পাওনাদির বিবরন পে-স্লিপের মাধ্যমে বেতন পরিশোধের পূর্বেই লিখিত ভাবে দেওয়া হয় এবং বেতন পরিশোধের দিন নোটিশ বোর্ডে কমপক্ষে ১০ দিন আগে টানিয়ে দেওয়া হয়।

১১। সুস্থ ও নিরাপদ কর্ম পরিবেশ (Health and safe working environment)ঃ

ভারটেক্স আর এম জি ডিভিশন (ভারটেক্স ওয়্যার লিঃ, ড্রেস ওয়ার্ল্ড লিঃ, নিও ফ্যাশন লিঃ) কারখায় কর্মরত সকল শ্রমিকে নিরাপদ ও সম্ভাব্য দূর্ঘটনার কারণ চিহ্নিত করে যথাযথ কার্যকরী ব্যবস্থা করে থাকে। কর্মস্থলের সকল ঝুঁকি নিরুপণ করে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা ও নিরাপত্তা মূলক ব্যবস্থা গ্রহণ করে সুস্থ ও সুন্দর কর্মপরিবেশ নিশ্চিত করা হয়। এ লক্ষ্যে ভারটেক্স আর এম জি ডিভিশন Occupational Health & Safety কমিটি ও নীতিমালা প্রনয়ণ করে নিরাপদ কর্মস্থলের জন্য প্রয়োজনীয় ব্যক্তিগত সুরক্ষার সরঞ্জামাদি (PPE), কারখানার পর্যাপ্ত টয়লেট, বিশুদ্ধ খাবার পানি, অগ্নি নির্বাপন ব্যবস্থা এবং সকল ধরনের বর্জ্য আবর্জনা অপসারণের সুষ্ঠ ব্যাবস্থাপনা রয়েছে। কর্ম ক্ষেত্র ঝুঁকিপূর্ণ হলে তা হবে মৌলিক হিউম্যান রাইটস লঙ্ঘন করা এবং এটা নিষিদ্ধ। বিশেষ করে শিশু/কিশোর শ্রমিককে কখনও ঝুঁকিপূর্ণ, অনিরাপদ, অস্বাস্থ্যকর কর্ম পরিবেশে কাজ কারো যাবে না। বাংলাদেশ শ্রম আইন ২০০৬, শ্রম বিধিমালা ২০১৫, ILO Convention -155,184, ILO Recommendation 164, 190 অনুযায়ী।

১২। শুল্কের আইন অনুসরণ (Customs Compliance)ঃ

ভারটেক্স আর এম জি ডিভিশন (ভারটেক্স ওয়্যার লিঃ, ড্রেস ওয়ার্ল্ড লিঃ, নিও ফ্যাশন লিঃ) এর ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত নিয়ম মেনে চলে এবং কাস্টমস এর নিয়ম অনুযায়ী আমদানী রপ্তানী সম্পাদন করে যাতে কোন প্রকার বেআইনী রপ্তানী সংঘটিত না হয়। যা শ্রম আইন-২০০৬ এবং বিধি ২০১৫ এর আওতায় এবং ILO সনদ ১২, ২৬, ১০১, ১০২ এবং ১২১ ধারা অনুযায়ী রচিত হয়েছে।

১৩। পরিবেশ সংক্রান্ত নীতিমালা (Environment Policy)ঃ

ভারটেক্স আর এম জি ডিভিশন (ভারটেক্স ওয়্যার লিঃ, ড্রেস ওয়ার্ল্ড লিঃ, নিও ফ্যাশন লিঃ) একটি পরিবেশ বান্ধব কারখানা উৎপাদনের সকল পর্যায়ে পরিবেশ সচেতন ও পরিবেশ রক্ষার্থে বিধি ও আইন চলে এজন্য যথাযথ বর্জ্য ব্যবস্থাপনা এবং অপসারণ, সুষ্ঠ ক্যামিকেল ব্যবস্থাপনা, ক্ষতিকারক পদার্থ সমূহ চিহ্নিত করণসহ যে কোন ধরনের কার্বন-ডাই-অক্সাইড C02,GsG শব্দ দূষণ সহনীয় ও আইনগত মাত্রার মধ্যে সীমাবদ্ধ রাখার চেষ্টা করে।

১৪। দুর্নীতি বিরোধী (Anti Bribary)ঃ

ভারটেক্স আর এম জি ডিভিশন সকল শ্রমিক কর্মচারীদের স্বচ্ছতা ও সততার সাথে পরিচালিত করে থাকে। প্রতিষ্ঠানটি কোন সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠান, ক্রেতা ও তার প্রতিনিধিদের সাথে যেকোন প্রকার কার্যকলাপের ক্ষেত্রে কোন প্রকার আপ্যায়ন, উপহার ও অর্থ আদান প্রদান করে না। যে কোন রকমের অডিট এর ক্ষেত্রে সঠিক তথ্য সরবরাহ ও সহযোগিতা করে থাকে।

১৫। মাদক নিরোধকরন (Drug Interdiction)ঃ

ভারটেক্স আর এম জি ডিভিশন মাদক বিরোধী সকল সরকারী সংস্থা এবং সংগঠনসমূহকে সহযোগিতা করবেন। মাদক বিরোধী আইনসমূহ পালন ও মান্য করে এবং পণ্যের সাথে যাতে কোন মাদকদ্রব্য প্রেরিত না হয় সেদিকে নজর রাখে।

১৬। নিরাপত্তা (Security)ঃ

ভারটেক্স আর এম জি ডিভিশন শ্রম আইন ২০০৬, নিম্নতম মজুরী ২০১৩, সর্বশেষ সংশোধনী ২০১৩ ও নিম্নতম মজুরীর হার ২০১৩ বাংলাদেশ শ্রম বিধিমালা ২০১৫ ও আর্ন্তজাতিক আইনসমুহ মেনে চলে। ভারটেক্স আর এম জি ডিভিশন এর নীতিমালা একটি নিরাপদ ও সুরক্ষিত কার্য্য পরিবেশ নিশ্চিত করে। এ প্রতিষ্ঠান নিরাপত্তা প্রক্রিয়ার মাধ্যমে সকল আগত ও বহির্গত পণ্য, যে কোন অবৈধ সরবরাহ যথাঃ মাদক দ্রব্য, রাসায়নিক দ্রব্য, বিস্ফোরক, অস্ত্র, অবৈধ অনুপ্রবেশকারী ও ক্ষতিকারক দ্রব্য হতে রক্ষা করে। প্রতিষ্ঠানটি পণ্য ক্রয়/বিক্রয় ও আমদানী/ রপ্তানী সংক্রান্ত সকল অভ্যন্তরীণ আইন, নিয়ম ও নীতিমালা মেনে চলে। এ প্রতিষ্ঠানটি দেশী বিদেশী শুল্ক বিভাগকে সহযোগীতার মাধ্যমে অবৈধ পাচার রোধ করে।

১৭। ব্যবস্থাপনা (Management System)ঃ

ভারটেক্স আর এম জি ডিভিশন (ভারটেক্স ওয়্যার লিঃ, ড্রেস ওয়ার্ল্ড লিঃ, নিও ফ্যাশন লিঃ) বিভিন্ন বিষয়ের উপর নীতিমালা প্রণয়ন করে তার যথাযথ বাস্তবায়ন, মনিটরিং এবং ফিডব্যাক নিবে। ফিডব্যাক থেকে সংগৃহীত গ্যাপ বিশ্লেষণ করে ব্যবস্থা নিবে। বিভিন্ন বায়ারের সিওসি বাস্তবায়ন করে যথাযথ পদক্ষেপ নিবে এবং সময় অন্তর অন্তর পর্যবেক্ষণ করবে উত্তোরোত্তর উন্নয়নের ব্যবস্থা করবে। কারখানার নীতিমালা এবং বায়ারের সিওসি সকল শ্রমিকদের জানানোর ব্যবস্থা করবে। কারখানার নীতিমালা বাস্তবায়নের সাথে সাথে সামাজিক দায়বদ্ধতার বিষয়েও কাজ করতে হবে। হয়রানীমূলক পলিসির বাস্তবায়নের মাধ্যমে ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করবে।